

ঢাকা
মঙ্গলবার
৯ শ্রাবণ
১৪২৫ বঙ্গাব্দ

দৈনিক
জনকণ্ঠ
নীতির প্রহরী আপোসহীন
The Daily Janakanta



বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট জয়দেবপুর, গাজীপুর

“কৃষিই সমৃদ্ধি”

আইন উপদেষ্টা (খণ্ডকালীন) নিয়োগ বিজ্ঞপ্তি

মাসিক পাঁচ হাজার টাকা “রিটেইনার কি” এর ভিত্তিতে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে দুই বছরের জন্য একজন আইন উপদেষ্টা (খণ্ডকালীন) নিয়োগকল্পে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রার্থীদের অবশ্যই নিম্নোক্ত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে :

- ১) একজন আইনজীবী হিসেবে ৫ (পাঁচ) বছরের হাইকোর্ট ডিভিশনে কাজ করার অভিজ্ঞতাসহ কমপক্ষে ১০ (দশ) বছরের প্রাকটিসের অভিজ্ঞতাসহ আপিল বিভাগে মামলা পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে;
- ২) স্প্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশন ও আপিল বিভাগে মামলা পরিচালনার সনদপত্র;
- ৩) আইন পেশায় নিয়োজিত অবসরপ্রাপ্ত বিচার বিভাগীয় কর্মকর্তাগণও আবেদন করতে পারবেন।

ইচ্ছুক প্রার্থীদেরকে সাদা কাগজে (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) জাতীয়তা (জ) বয়স (জন্ম তারিখসহ) (ঝ) প্রাকটিস আরম্ভ করার তারিখ (ঝ) কোর্টের নাম (দেওয়ানী/ফৌজদারী) উল্লেখসহ বিস্তারিত বিবরণ এবং সম্পত্তি তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ আবেদন করতে হবে।

ইনস্টিটিউটের পক্ষে পরিচালিত মামলার হাজিরা, জবাব দাখিল, শুনানী, প্রেইন্ট এর বসড়া তৈরী ও দাখিল, নথিতে মতামত প্রদান ইত্যাদি বিষয়ে দাবীকৃত ফিসের হার আইটেম-ওয়ারী আবেদনপত্রের সাথে উল্লেখ করতে হবে। অন্যথায় আবেদনটি অসম্পূর্ণ বলে বিবেচিত হবে। আবেদনকারীকে হাইকোর্টে চেম্বার, সহকারী ও অন্যান্য সুবিধা প্রদানে সক্ষম হতে হবে এবং আবেদনে তা উল্লেখ করতে হবে।

আবেদনপত্র মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর বরাবরে আগামী ৩০-০৮-২০১৮ খ্রি. তারিখে অথবা তৎপূর্বে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ/ক্রটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

দিনিয়ার সহকারী পরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর।

এম-৬৫১/১৮ (৫'x৪)